

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 01-01-2026**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ২০২৬-এর বিধানসভা নির্বাচনে জন সংযোগের ওপর গুরুত্ব দিয়েছেন বরিশত বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। তাকে হুমকি দেওয়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তীব্র সমালোচনা করেছে বিজেপি।

২) রাজ্যের প্রথম মহিলা মুখ্যসচিব হয়েছেন নন্দিনী চক্রবর্তী।

৩) SIR প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার এবং পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে পুলিশের কাছে এফআইআর দায়ের হওয়ার প্রেক্ষিতে নির্বাচন কমিশন কঠোর প্রতিক্রিয়া ব্যক্ত করেছে।

৪) নতুন বছরের প্রথম দিনে আজ উৎসবের মেজাজে শহরবাসী। অপ্রীতিকর ঘটনা এড়াতে সক্রিয় পুলিশ প্রশাসন। এদিকে কাশীপুর উদ্যানবাটি, দক্ষিণেশ্বর এবং রামকৃষ্ণ মঠ ও মিশনের বিভিন্ন শাখায় পালিত হচ্ছে কল্লতরু উৎসব।

৫) বছরের প্রথম দিনেও শীতের দাপট অব্যাহত। পুরুলিয়ায় সর্বনিম্ন তাপমাত্রা ৫ ডিগ্রির আশেপাশে ঘোরাফেরা করছে।

২০২৬-এর বিধানসভা নির্বাচনে জন সংযোগের ওপর গুরুত্ব দিয়েছেন বরিষ্ঠ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। গতকাল নির্বাচনের প্রস্তুতি নিয়ে দলীয় সাংসদ, বিধায়ক ও কর্মীদের সঙ্গে বৈঠক করেন তিনি। বাড়ি বাড়ি গিয়ে মানুষের সমস্যা শোনার জন্য দলীয় নেতাকর্মীদের নির্দেশ দিয়েছেন তিনি। কলকাতার সায়েন্স সিটি অডিটোরিয়ামে দলের কলকাতা জোনের কার্যকর্তাদের সম্মেলনে অংশ নেন শ্রী শাহ। বৈঠকে রাজ্যে দলীয় সংগঠনের বর্তমান অবস্থা, দলীয় কর্মীদের সক্রিয়তা এবং বুথ স্তর পর্যন্ত সংগঠনকে শক্তিশালী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর।

এর আগে কলকাতার একটি হোটেলে দলের সাংসদ-বিধায়কদের সঙ্গে বৈঠক করেন তিনি। পৃথকভাবে কথা বলেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ এর সঙ্গেও। ছিলেন রাজ্যের দায়িত্বপ্রাপ্ত ভূপেন্দ্র যাদব, সুনীল বনসল, বিপ্লব দেব।

আসন্ন নির্বাচনে একজোট হয়ে কর্মীদের মাঠে নামার বার্তা দিয়েছেন শ্রী শাহ। দলীয় বৈঠকে শেষে তিনি দুপুরে ঠনঠনিয়া কালিবাড়ি দর্শনে যান, সেখানে পূজার্চনাতেও অংশ নেন।

শ্রী শাহ ২০২৬ সালে তৃণমূল কংগ্রেসকে রাজ্যের ক্ষমতা থেকে উৎখাতের বার্তা দিয়েছেন বলে বিজেপি নেতা শিশির বাজোয়রিয়া জানিয়েছেন।

বাইট

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র রাজ্য সফর চলাকালীন তাকে হুমকি দেওয়ায় পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তীব্র সমালোচনা করেছে বিজেপি। ভুবনেশ্বরে এক সাংবাদিক বৈঠকে বিজেপির জাতীয় মুখপাত্র সম্বিত পাত্র বলেন, বাঁকুড়ায় এক জনসভায় মুখ্যমন্ত্রী যা বলেছেন, তা নিন্দনীয়। রাজ্যে মুখ্যমন্ত্রী একনায়কতন্ত্র চালাচ্ছেন বলেও অভিযোগ করেন তিনি।

এর জবাব বাংলার মানুষ নির্বাচনে দেবে বলে মন্তব্য করেন শ্রী পাত্র।

---

রাজ্যের প্রথম মহিলা মুখ্যসচিব হয়েছেন IAS আধিকারিক নন্দিনী চক্রবর্তী। মনোজ পন্তের স্থলাভিষিক্ত হলেন তিনি। এর আগে পর্যটন সহ রাজ্যের একাধিক দপ্তরের সচিব পদের দায়িত্ব সামলেছেন ১৯৯৪ এর ব্যাচের এই আধিকারিক।

বিদায়ী মুখ্য সচিব মনোজ পন্তকে মুখ্যমন্ত্রীর প্রধান সচিব পদে নিয়োগ করা হয়েছে। নন্দিনী চক্রবর্তীর জায়গায় নতুন স্বরাষ্ট্রসচিব হয়েছেন জগদীশ প্রসাদ মিনা। তিনি কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরের সচিব পদেরও অতিরিক্ত দায়িত্বে থাকবেন।

নবান্নের তরফে বিজ্ঞপ্তিতে গতকাল বরুণ রায় পর্যটন দপ্তরের অতিরিক্ত দায়িত্ব পেয়েছেন। দুমুস্ত নারিয়ালাকে কারা দপ্তরের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। নেতাজি সুভাষ প্রশাসনিক প্রশিক্ষণ কেন্দ্রের অধিকর্তা অনিল ভার্মা অবসর নেওয়ায় অত্রি ভট্টাচার্য, সুন্দরবন উন্নয়ন দপ্তরের পাশাপাশি এই প্রতিষ্ঠানের অধিকর্তার দায়িত্বও সামলাবেন। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের প্রধান সচিব সুরেন্দ্র গুপ্তাকে প্রেসিডেন্সি ডিভিশনের ডিভিশনাল কমিশনার করা হয়েছে।

---

SIR প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার এবং পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে পুলিশের কাছে এফআইআর দায়ের হওয়ার প্রেক্ষিতে নির্বাচন কমিশন কঠোর প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে এই অভিযোগগুলিকে পূর্বপরিকল্পিত, ভিত্তিহীন এবং আধিকারিকদের ভয় দেখানোর প্রচেষ্টা বলে অভিহিত করা হয়েছে। নির্বাচন প্রক্রিয়াকে চাপে ফেলে পথভ্রষ্ট করার উদ্দেশ্যেই এই ধরনের ভীতি প্রদর্শনের কৌশল নেওয়া হয়েছে। যদিও সেই চেষ্টা সফল হবে না বলেও জানানো হয়েছে ঐ বিবৃতিতে।

উল্লেখ্য গত সোমবার পুরুলিয়ার পারা এলাকার চৌতলা গ্রামের বাসিন্দা দুর্জন মাঝি নামে এক বৃদ্ধের দেহ উদ্ধার হয় রেললাইনের ধার থেকে। সেই দিনই শুনানি কেন্দ্রে তার ডাক পড়েছিল। পরিবারের দাবি আতঙ্কে আত্মহত্যা করেছেন ঐ ব্যক্তি। পরদিনই মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেন মৃতের ছেলে।

---

আগামী বিধানসভা নির্বাচনে রাজ্যের একাধিক আবাসনে ভোটগ্রহণ কেন্দ্র তৈরীর প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন। প্রাথমিক তালিকা অনুযায়ী, রাজ্যে শতাধিক আবাসনের মধ্যেই বুথ তৈরির সম্ভাবনা রয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে খবর। আবাসনের মধ্যে যে বুথগুলি তৈরি হবে, সেগুলি আকার ও পরিকাঠামোর দিক থেকে অন্যান্য সাধারণ বুথের মতোই হবে। আগামী এক সপ্তাহের মধ্যেই আবাসনে মোট কতগুলি বুথ তৈরি হবে, তার চূড়ান্ত সংখ্যা নির্ধারিত হয়ে যাবে বলে জানানো হয়েছে।

---

২০২৫ এ কেন্দ্রীয় সরকার দেশের উন্নয়নে যে পদক্ষেপ গুলি নিয়েছে তার মধ্যে অন্যতম হল নতুন প্রজন্মকে ব্যবসা করতে আগ্রহী করে তোলার প্রয়াস।

(একটি প্রতিবেদন-কাশফিন)

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অটল ভারত: নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে একটি বছর। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

নতুন বছরের প্রথম দিনে উৎসবের মেজাজে শহরবাসী। গতকালের মত আজও আলিপুর চিড়িয়াখানা, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ কলকাতার দর্শনীয় স্থান এবং জেলার পর্যটন স্থলগুলিতে বিপুল জন সমাগম হবে বলে মনে করা হচ্ছে। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহর জুড়ে পুলিশের তরফে চলছে কড়া নজরদারি। এসপ্ল্যানেড, পার্কস্ট্রীট, ময়দান, রবীন্দ্রসদন সহ বিভিন্ন মেট্রো স্টেশনে অতিরিক্ত আর পি এফ কর্মী মোতায়েন করা হয়েছে।

একাধিক রাস্তায় নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল। পশ্চিমবঙ্গ পরিবহন নিগম, আজ বিকেল তিনটে থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত ইকো পার্কে যাওয়ার জন্য স্পেশাল বাস পরিষেবা দিচ্ছে।

এদিকে, মধ্যরাতেই মহানগর সহ রাজ্যের সর্বত্র নতুন বছরকে স্বাগত জানাতে বিপুল উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে। হোটেল রেস্টোরা ও ক্লাবগুলিতে আনন্দে মেতে ওঠেন মানুষ।

এদিকে, শব্দ বাজির পাশাপাশি গভীর রাত পর্যন্ত ডিজের তাণ্ডব থেকে রক্ষা পাননি পাড়া-প্রতিবেশীরা। হর্ষ বিষাদের মধ্যে ফেলে আসা বছরকে পিছনে রেখে নতুন প্রত্যাশা নিয়ে বাঁচতে চাইছে নাগরিক সমাজ। আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

### ভয়েসকাস্ট

---

ইংরেজী নববর্ষের প্রথম দিনে আজ কল্লতরু উৎসব পালিত হচ্ছে। আজকের দিনেই ভক্তদের চৈতন্য দান করেছিলেন ঠাকুর শ্রী রামকৃষ্ণ। এই উপলক্ষে উত্তর কলকাতার কাশীপুর উদ্যান বাটি, দক্ষিণেশ্বর মন্দির, রামকৃষ্ণ মঠ ও মিশনের বিভিন্ন শাখায় বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কাশীপুর উদ্যান বাটিতে সকাল থেকেই ভক্তদের ভিড়। চলছে মঙ্গলারতি ও পুজো পাঠ। ভোর থেকেই খুলে গেছে দক্ষিণেশ্বর মন্দিরের প্রবেশ দ্বার। বিশেষ সাজে সেজে উঠেছেন মা ভবতারিণী।

এদিকে, কল্লতরু উৎসব উপলক্ষে আজ ভোর ৪ টে থেকে রাত ১০ টা পর্যন্ত বি টি রোড ও কাশীপুর রোডে পণ্যবাহী যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

---

বছরের প্রথম দিনও শীতের দাপট অব্যাহত। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা ২.৬ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল কুড়ি দশমিক এক ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে পাঁচ ডিগ্রি কম। দক্ষিণবঙ্গে রাত্রিকালী ন্যূনতম তাপমাত্রা আগামী ২-৩ দিনে

কিছুটা বাড়তে পারে। আগামী কয়েক দিন রাজ্যের বেশ কিছু জায়গায় বিক্ষিপ্তভাবে সকালের দিকে কুয়াশার সম্ভাবনা রয়েছে। পশ্চিমী ঝঞ্ঝার কারণে দার্জিলিং জেলায় হালকা বৃষ্টি ও হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এদিকে, পুরুলিয়ায় সর্বনিম্ন তাপমাত্রা নেমেছে পাঁচের ঘরে। এর জেরে ব্যাহত স্বাভাবিক জনজীবন। ভোরের দিকে থাকছে কুয়াশাও।

---